গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ অধিশাখা
www.mor.gov.bd

নং- ৫৪.০০.০০০০.০৪১.১৮.০৪১.১৬ (অংশ-১)-২৯

তারিখ : ০৯ চৈত্র ১৪২৯
২৩ মার্চ ২০২৩

বিষয়: পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৩ উপলক্ষে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২১/০৩/২০২৩ তারিখ রেলপথ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৩ উপলক্ষে এক আন্ত:মন্ত্রণায় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী এবং এ সংক্রান্ত বিভিন্ন পত্রিকায় প্রকাশিত পেপার কার্টিং এর ছায়ালিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ।

( মো: তৌফিক ইমাম)
উপসচিব
ফোন: ৮৮০২৪১০৫০২৪৩
admin6@mor.gov.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৬. ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ৬, ফিনিক্স রোড, ফুলবাড়ীয়া, ঢাকা
৭. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি), পিলখানা, ঢাকা ।
৮. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা ।
৯. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), র‍্যাব ফোর্সেস হেডকোয়ার্টার, পুরাতন কার্গো এডমিন বিল্ডিং, কুর্মিটোলা, ঢাকা।
১০. অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১১. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১২. অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, হাউজ নং ১২/সি, রোড নং১০৫, গুলশান-২, ঢাকা।
১৩. অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১৪. যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৫. মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী
১৬. কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, রমনা, ঢাকা।
১৭. সরকারী রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, কমলাপুর, ঢাকা।
১৮. উপসচিব (প্রশাসন-৪/২ অধিশাখা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৯. প্রধান যান্ত্রিক প্রকৌশলী (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
২০. সিওপিএস/সিসিএম (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
২১. সিএসটিই (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২২. ডিআরএম (ঢাকা/চট্টগ্রাম/পাকশী/লালমনিরহাট), বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা।

অ: পৃ: দ্র:

২৩. পুলিশ সুপার, রেলওয়ে পুলিশ, ঢাকা/ চটগ্রাম/ সৈয়দপুর।
২৪. চীফ কম্যান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
২৫. জনাব মালিহা এম. কাদের, লিড পার্টনার, সহজ লিমিটেড, Shohoz-Synesis-Vincen JV- হাউজ -৫৫/বি, রোড -২১, বনানী, ঢাকা- ১২১৩।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা ( কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপ প্রধান তথ্য অফিসার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ অধিশাখা
www.mor.gov.bd

**বিষয়: আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৩ উপলক্ষে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: নূরুল ইসলাম সুজন, এমপি<br>মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২১ মার্চ ২০২৩ |
| সময় | : | সকাল ১১:০০ টা |
| স্থান | : | সভাকক্ষ ( যমুনা; কক্ষ নং- ৮২৫), রেলভবন, ঢাকা। |

**সভার উপস্থিতি:** সভায় রেলপথ মন্ত্রণালয়ের সচিব, বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা/আইন ও ভূমি), যুগ্মসচিব ( প্রশাসন/ প্রশাসন-২/বাজেট), বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন/আরএস/আই/এমএন্ডসিপি), বাংলাদেশ রেলওয়ের মহাব্যবস্থাপক (পশ্চিম/পূর্ব), রেলওয়ে পুলিশের অতিরিক্ত ডিআইজি, বাংলাদেশ পুলিশের অতিরিক্ত ডিআইজি (অপারেশন), ডিএমপি এর ডিসি (অপারেশন্স), র‍্যাব-৩ এর পুলিশ সুপার রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-৬), জননিরাপত্তা বিভাগের উপসচিব, বিজিবি'র অতিরিক্ত পরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ের যুগ্মমহাপরিচালক (অপারেশন), পরিচালক (ট্রাফিক/পরিবহন), ডিআরএম (ঢাকা/লালমনিরহাট/পাকশী), এনএসআই-এর উপপরিচালক, চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম) এবং রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণসহ Shohoz-Synesis-Vincen JV এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেখা যেতে পারে।

২। **সভার প্রারম্ভিক আলোচনা:**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি বলেন, ১লা মার্চ হতে ৫০% অনলাইন এবং ৫০% কাউন্টারে টিকিট বিক্রির কার্যক্রম চালুর ফলে দেশে বাংলাদেশ রেলওয়ের ভাবমুর্তি অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। এতে কালোবাজারিও হ্রাস পেয়েছে। এ সাফল্যের দাবীদার সকলে। এ জন্য সংশ্লিষ্ট সকলকে তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরও জানান, রেলের প্রতি মাননীয় প্রধানমন্ত্রীর আগ্রহ, দৃষ্টি ও সহযোগিতা রেলের উন্নয়নে সহায়ক হয়েছে। আশাকরি এ সহায়তা উওর উওর আরও বৃদ্ধি পাবে। মুসলমানদের ধর্মীয় উৎসব ঈদুল ফিতরের সময় অন্যান্য সময়ের চেয়ে রেলের উপর যাত্রীগণের চাপ বেশী থাকে। এ জন্য প্রতিবারই এ সময়ে বিভিন্ন বিশেষ ব্যবস্থা নেয়া হয়ে থাকে। এর মধ্যে টিকিটিং, আইন শৃঙ্খলা ব্যবস্থা, বিশেষ ট্রেন, কোচ সংযোগ ইত্যাদি অন্যতম। এবার টিকিট বিক্রির ক্ষেত্রে যুগান্তরকারী এক সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে। অর্থ্যাৎ এবার ১০০% অনলাইন এ টিকিট বিক্রির ব্যবস্থা করা হবে। এতে ঈদে যাত্রীগণ ঘরে বসেই অনলাইনে টিকিট ক্রয় করতে পারবে। ১০০% টিকিট অনলাইনে বিক্রয়ের ব্যবস্থা থাকার জন্য টিকিট কাউন্টারে আসার প্রয়োজন হবে না। এছাড়া, তিনি কোচের ছাদে যাত্রী উঠা, মহিলা ও প্রতিবন্ধীদের জন্য আলাদা কোচের ব্যবস্থা, অগ্রিম টিকিটের টাকা ফেরত, স্ট্যান্ডিং টিকিট বিক্রি ইত্যাদি বিষয়গুলো নিয়ে দিক নির্দেশনা প্রদান করেন। ঈদে যাত্রীগণের বাড়ী যাওয়া আসার সময় বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলে তেমন কোন অসুবিধার সম্মুখীন হতে হয় না, তবে পশ্চিমাঞ্চলে কিছু অসুবিধা হয়ে থাকে। তিনি বলেন পদ্মা সেতু চালু হওয়ায় খুলনাসহ ঐ অঞ্চলের রেল যাত্রীর চাপ কিছুটা কমে আসার সম্ভাবনা রয়েছে। গত ঈদের মত সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে এবারও রেলে যাত্রীদের ঈদ যাত্রাকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার আশাবাদ ব্যক্ত করেন। অত:পর তিনি যুগ্মসচিব (প্রশাসন-২)-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রমসমূহ উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

অ: পৃ: দ্র:

২.২ যুগ্মসচিব (প্রশাসন-২), রেলপথ মন্ত্রণালয় সভায় জানান, আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৩ উপলক্ষে বাংলাদেশ রেলওয়ের প্রস্তুতির জন্য অদ্যকার সভার আয়োজন করা হয়েছে। পরবর্তীতে তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী অগ্রিম টিকিট বিক্রয় ও ব্যবস্থাপনা, আইন-শৃঙ্খলা, ট্রেনের সিডিউল, কোচ সংযোজন, বিশেষ ট্রেন পরিচালনা ইত্যাদি কার্যক্রম সভায় উপস্থাপন করেন।

২.৩। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে সভায় জানান, প্রতি বছরের ন্যায় এবারও ঈদ উপলক্ষে বাংলাদেশ রেলওয়ে হতে অনলাইনে অগ্রিম টিকিট বিক্রয় করা হবে। টিকিট বিক্রয়ের বিষয়টি ব্যাপক প্রচারের ব্যবস্থা করা হবে। এপ্রিলের ১ তারিখ হতে পূর্বের ৫ দিনের পরিবর্তে ১০ দিন পূর্বে টিকিট বিক্রয় করা যেতে পারে।

২.৪। অতিরিক্ত ডিআইজি, রেলওয়ে পুলিশ বলেন জাতীয় পরিচয় পত্রের মাধ্যমে অনলাইনে ট্রেনের টিকিট বিক্রয় একটা যুগান্তকারী সিদ্ধান্ত। এর ফলে টিকিট কালোবাজারি বন্ধ হবে এবং কাউন্টারে কোন চাপ থাকবে না। এতে এক্সেস কন্ট্রোল এর উপর গুরুত্ব প্রদান করা যাবে। গার্মেন্টস এবং অন্যান্য কারখানাগুলোর ছুটি ধাপে ধাপে দেওয়ার বিষয়ে গুরুত্বারোপ করেন।

২.৫। ঢাকা মেট্রোপলিটন পুলিশ ডিসি (অপারেশন্স) জানান আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতরকে সামনে রেখে ঢাকা মেট্রোপলিটন পুলিশের পক্ষ হতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। যাত্রী হয়রানি, মলম পার্টি যাতে কোন ধরণের সমস্যা সৃষ্টি করতে না পারে সেজন্য বেশ কয়েকটি টিম মাঠে কাজ করবে। ডিএমপি কমিশনার এ বিশেষ সময়ে নিরাপত্তার বিষয়ে বিশেষ নির্দেশনা প্রদান করেছেন মর্মে তিনি সভাকে অবহিত করেন। ঢাকা (কমলাপুর) রেল স্টেশনের আশেপাশের এলাকায় লোকাল থানা হতে ফোর্স মোতায়েনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। এছাড়া স্টেশনসমূহে এক্সেস কন্ট্রোল এর বিষয়টি গুরুত্ব সহকারে নিশ্চত করা হবে মর্মে সভাকে অবহিত করেন।

২.৬। র‍্যাবের পুশিল সুপার স্ট্যান্ডিং টিকিট এর নেতিবাচক দিকগুলো নিয়ে আলোকপাত করেন এবং স্ট্যান্ডিং টিকিট বন্ধের বিষয়ে গুরুত্বারোপ করেন।

২.৭। Shohoz-Synesis-Vincen JV এর প্রতিনিধি সভায় জানান এ পর্যন্ত ১২,৭০,০০০ (বার লক্ষ সত্তর হাজার) জন অনলাইন রেজিস্ট্রেশন করেছেন। এখন প্রতি মিনিটে ৫ লক্ষ যাত্রী সার্ভারে হিট করতে পারবে। এবার ঈদ উপলক্ষে প্রতিদিন ২৮,৭৩৬টি টিকিট বিক্রয় করা সম্ভব হবে। বিক্রিত টিকেট রিফান্ড করা হলে তা অনলাইনে দেখা যাবে।

২.৮। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৩ উপলক্ষে নিরাপদ, স্বাচ্ছন্দ্যে ও আরামদায়ক ট্রেন ভ্রমণ নিশ্চিতকরণের লক্ষে বাংলাদেশ রেলওয়ে হতে সর্বাত্বক প্রচেষ্টা গ্রহণের উদ্যোগ নেয়ার বিষয়টি সভায় উল্লেখ করেন। তিনি বলেন ঈদ উপলক্ষে কোচের সংখ্যা বৃদ্ধি করতে হবে। আইন-শৃঙ্খলা বিষয়ে জিআরপি, র‍্যাব, ডিএমপি ও আরএনবি সমন্বয় করে কাজ করার জন্য অনুরোধ জানান।

২.৯। সচিব, রেলপথ মন্ত্রণালয় সভায় বলেন জয়দেবপুর স্টেশন থেকে এবার ২টি স্পেশাল ট্রেন দেয়া যায় কি-না তা বিবেচনা করতে হবে। অগ্রিম টিকিট বিক্রয়েরে বিষয়টি ফেসবুক, টেলিভিশন, প্রিন্ট মিডিয়া ও লিফলেট এর মাধ্যমে প্রচারের ব্যবস্থা করতে হবে। গত ঈদের ন্যায় আসন্ন ঈদেও সকলে একসাথে মাঠ পর্যায়ে কাজ করে নিরাপদ যাত্রী পরিবহন ও সেবার সর্বোচ্চ মান নিশ্চিতকরণের বিষয়ে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি ঢাকাগামী রেলসমূহ জয়দেবপুর ও বিমানবন্দর স্টেশনে না থামার বিষয়ে আলোকপাত করেন। এছাড়া তিনি ট্রেনে ছাদে উঠা বন্ধ, রেজিস্ট্রেশনের জন্য প্রচারণা, ঈদের জন্য আপাতত: নারায়ণগঞ্জ স্টেশনটি বন্ধ রাখা, জাল টিকিট এর বিষয়ে Shohoz-Synesis-Vincen JV কে আরও সতর্কতা অবলম্বন করা ইত্যাদি বিষয়গুলোর উপর বিশেষ গুরুত্বারোপ করেন।

অ: পৃ: দ্র:

২.১০। সভাপতি বলেন Shohoz-Synesis-Vincen JV এর মাধ্যমে কতজন যাত্রী টিকিট কাটার জন্য চেষ্টা করছে, কতটি টিকিট বিক্রয় হয়েছে এবং কতটি টিকিট অবশিষ্ট আছে তার তথ্য অ্যাপসে থাকতে হবে। তিনি বলেন ছাদে ভ্রমণ নিষিদ্ধ করার জন্য সুপ্রীম কোর্টের মাননীয় বিচারপতি নির্দেশনা প্রদান করেছেন। তাই ছাদে কোন যাত্রী উঠানো যাবে না। তিনি বলেন কেউ টিকিট রিফান্ড করলে তা অনলাইনে দেখা যাবে তাই টিকিট রিফান্ড এর ব্যবস্থা রাখা হবে। তিনি আরো বলেন যেহেতু এবার কাউন্টারে টিকিট বিক্রয় হচ্ছে না, সেক্ষেত্রে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনী এক্সেস কন্ট্রোলে বেশি গুরুত্ব প্রদান করতে হবে।

২.১১। রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ে ও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা হতে আগত উর্ধ্বতন কর্মকর্তাগণ আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৩ উপলক্ষে অগ্রিম টিকিট বিক্রয়, টিকিট কালোবাজারি রোধ, যাত্রীদের নিরাপদ চলাচল, আইন শৃঙ্খলা রক্ষা, স্বাভাবিক ও বিশেষ ট্রেন সার্ভিস পরিচালনা করার বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন।

৩। **সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ**

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন দায়িত্ব</th></tr>
<tr><td>৩.১</td><td>১০০% টিকিট অনলাইনে বিক্রয় :<br>ঈদের সময় টিকিট ঘরে বসেই প্রাপ্তির লক্ষে ১লা এপ্রিল ২০২৩ হতে ১০০% টিকিট অনলাইনে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>মহাপরিচালক<br>বাংলাদেশ রেলওয়ে;<br><br>অতি: মহাপরিচালক<br>(অপারেশন);<br>ও<br>লিড পার্টনার ,<br>Shohoz-Synesis-Vincen JV</td></tr>
<tr><td>৩.২</td><td>অগ্রিম টিকিট বিক্রয় ও ব্যবস্থাপনা :<br><br>(ক) পবিত্র ঈদ-উল-ফিতর উদ্‌যাপন উপলক্ষে ঘরমুখো যাত্রীদের ভ্রমণের সুবিধার্থে সকাল ০৮:০০ টা থেকে নিম্নে উল্লিখিত তারিখ অনুযায়ী অনলাইনে টিকিট বিক্রয় করা হবে :<br><br><table><tr><th>টিকিট বিক্রয়ের তারিখ</th><th>যাত্রার তারিখ</th></tr><tr><td>০৭ এপ্রিল, ২০২৩</td><td>১৭ এপ্রিল, ২০২৩</td></tr><tr><td>০৮এপ্রিল, ২০২৩</td><td>১৮এপ্রিল, ২০২৩</td></tr><tr><td>০৯ এপ্রিল, ২০২৩</td><td>১৯ এপ্রিল, ২০২৩</td></tr><tr><td>১০ এপ্রিল, ২০২৩</td><td>২০ এপ্রিল, ২০২৩</td></tr><tr><td>১১ এপ্রিল, ২০২৩</td><td>২১ এপ্রিল, ২০২৩</td></tr></table><br>আসন সংখ্যা : ঢাকা হতে বর্হিগামী ট্রেনের মোট আসন সংখ্যা ২৫৭৭৮টি; যা শতভাগ অনলাইনে বিক্রয় করা হবে।<br><br>ঢাকা/জয়দেবপুর হতে ৩টি ঈদ স্পেশাল ট্রেনের আরো ৩ হাজার আসনের টিকিট অনলাইনে বিক্রয় করা হবে।<br><br>(খ) ঈদ পরবর্তী সময়ে যাত্রীদের ভ্রমণের জন্য সকাল ০৮:০০ টা থেকে নিম্নে উল্লিখিত তারিখ অনুযায়ী অনলাইনে টিকিট বিক্রয় করা হবে:<br><br><table><tr><th>টিকিট বিক্রয়ের তারিখ</th><th>যাত্রার তারিখ</th></tr><tr><td>১৫ এপ্রিল, ২০২৩</td><td>২৫ এপ্রিল, ২০২৩</td></tr><tr><td>১৬এপ্রিল, ২০২৩</td><td>২৬ এপ্রিল, ২০২৩</td></tr><tr><td>১৭ এপ্রিল, ২০২৩</td><td>২৭ এপ্রিল, ২০২৩</td></tr><tr><td>১৮ এপ্রিল, ২০২৩</td><td>২৮ এপ্রিল, ২০২৩</td></tr></table></td><td>মহাপরিচালক<br>বাংলাদেশ রেলওয়ে;<br><br>অতি: মহাপরিচালক<br>(অপারেশন);<br>ও<br>লিড পার্টনার ,<br>Shohoz-Synesis-Vincen JV</td></tr>
</table>

| ক্র:নং | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|
| | ১৯ এপ্রিল, ২০২৩ — ২৯ এপ্রিল, ২০২৩<br>২০ এপ্রিল, ২০২৩ — ৩০ এপ্রিল, ২০২৩ | |
| ৩.৩ | **বিশেষ ব্যবস্থাপনায় ঈদ অগ্রিম ও ফেরত টিকিট বিক্রয় :**<br>(ক) ১ এপ্রিল, ২০২৩ তারিখ হতে যাত্রার ১০ (দশ) দিন পূর্বের আন্তঃনগর ট্রেনের টিকিট অগ্রিম হিসেবে বিক্রয় করা হবে। তবে সময় পরিবর্তনের সিদ্ধান্তটি সমন্বয়ের লক্ষ্যে ০১ এপ্রিল, ২০২৩ তারিখে ০৫-১১ এপ্রিল, ২০২৩ তারিখ পর্যন্ত যাত্রার অগ্রিম টিকিট বিক্রয় করা হবে;<br>(খ) ২ এপ্রিল, ২০২৩ তারিখ হতে নতুন নিয়মে ১০ (দশ) দিনের অগ্রিম টিকিটি ব্যবস্থা কার্যকরী হবে;<br>(গ) ১ এপ্রিল, ২০২৩ তারিখ হতে কাউন্টার ও অনলাইনের মাধ্যমে যুগপৎভাবে সকল টিকিট সকাল ৮:০০ ঘটিকা হতে বিক্রয় করা হবে। অর্থাৎ অনলাইন বা কাউন্টারে পৃথক কোন কোটা থাকবে না; এবং<br>(ঘ) ঈদ অগ্রিম ও ফেরত যাত্রার টিকিট নিম্নলিখিত সূচি অনুযায়ী যাত্রার তারিখ ১৭-৩০ এপ্রিল, ২০২৩ পর্যন্ত ঈদ অগ্রিম যাত্রা ও ফেরত যাত্রার সকল টিকিট **শুধুমাত্র অনলাইনের** মাধ্যমে বিক্রয় করা হবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে;<br>অতি: মহাপরিচালক (অপারেশন);<br>ও<br>লিড পার্টনার , Shohoz-Synesis-Vincen JV |
| ৩.৪ | **বিক্রিত টিকিট এর টাকা ফেরত :**<br>বিক্রিত টিকিটের টাকা ফেরতের ব্যবস্থা রেখে এ্যাপসটি আপডেট করতে হবে এবং কখন কিভাবে টাকা ফেরত দেয়া হবে তার উল্লেখ এ্যাপসটিতে থাকতে হবে। ঈদ অগ্রিম ও ফেরত যাত্রার টিকিট বিদ্যমান রিফান্ড রুল অনুযায়ী শুধুমাত্র অনলাইনের মাধ্যমে রিফান্ড করা যাবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে;<br>অতি: মহাপরিচালক (অপারেশন);<br>ও<br>লিড পার্টনার , Shohoz-Synesis-Vincen JV |
| ৩.৫ | **আইন-শৃঙ্খলা রক্ষা বিষয়ক :**<br>(ক) যাত্রীগণের স্বাচ্ছন্দে চলাচলের লক্ষ্যে রেলওয়ে স্টেশন এবং স্টেশনসংলগ্ন এলাকার নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ, টিকিট কালোবাজারি, নাশকতা ও অন্যান্য অপরাধসমূহ, যেমন- মলম পার্টি, পকেটমার, ছিনতাই প্রভৃতি প্রতিরোধের নিমিত্ত র‍্যাব, পুলিশ এর পক্ষ হতে ঢাকা স্টেশন, ঢাকা বিমানবন্দর, জয়দেবপুর, সিলেট, ময়মনসিংহ, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও দিনাজপুরসহ অন্যান্য বড় বড় স্টেশনে টহল জোরদার করা হবে। রেলওয়ের নিরাপত্তা বাহিনী, পুলিশ, বিজিবি ও র‍্যাব পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে রেলস্টেশনসহ গুরুত্বপূর্ণ রেলওয়ে স্থাপনাসমূহে টহল জোরদার করতে হবে;<br>(খ) চলন্ত ট্রেনে, স্টেশনে বা রেল লাইনে কোথাও যাতে কোন নাশকতামূলক কর্মকান্ড ঘটতে না পারে সে বিষয়ে নজরদারি জোরদার করতে হবে;<br>(গ) স্টেশন প্লাটফর্ম, স্টেশন এ্যাপ্রোচে ও চলন্ত ট্রেনে ছিনতাইকারি, মলমপার্টি ও দুর্বৃত্তদের কবলে পড়ে যাত্রী সাধারণ যেন হয়রানির শিকার না হয়, সে দিকে সতর্ক দৃষ্টি রেখে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং<br>(ঘ) ঈদে আইন-শৃংঙ্খলা ও নাশকতা রোধে সমন্বনিত টাস্কফোর্স কাজ করবে। | মহা-পুলিশ পরিদর্শক বাংলাদেশ পুলিশ;<br>মহা-পরিচালক র‍্যাব ফোর্সেস; অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ;<br>ঢাকা মেট্রোপলিটন পুলিশ;<br>মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে;<br>পুলিশ সুপার, সংশ্লিষ্ট রেলওয়ে জেলা; এবং<br>চিফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম) আরএনবি। |

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন দায়িত্ব</th></tr>
<tr><td>৩.৬</td><td>

**ট্রেনের সময়ানুবর্তিতা বজায় রাখা ও সিডিউল বিপর্যয় নিরসনে গৃহীত কর্মপরিকল্পনাঃ**

- **জরুরী মনিটরিং ও কন্ট্রোল সেল গঠন:**
  - ➢ নিরাপদ ও সুষ্ঠুভাবে ট্রেন পরিচালনা নিশ্চিত করে যাত্রী সেবা প্রদানের ক্ষেত্রে সময়ানুবর্তিতা রক্ষার জন্য ডিভিশনাল ও জোনাল কন্ট্রোলে পৃথক পৃথক মনিটরিং সেল গঠন করে কর্মকর্তাদের ইমার্জেন্সি ডিউটি প্রদান করা হবে; এবং
  - ➢ সময়ানুবর্তিতা রক্ষায় বিভিন্ন গূরুত্বপূর্ণ এবং জংশন স্টেশন ও সিগনাল কেবিনে কর্মকর্তা ও পরিদর্শকগণের তদারকির মাধ্যমে ট্রেন অপারেশন পরিচালনা করা হবে।
- দুর্ঘটনা প্রতিরোধঃ
  - ➢ দূর্ঘটনা প্রতিরোধ ও ট্রেন সিডিউল অক্ষুন্ন রাখার স্বার্থে রেলপথ পেট্রোলিং এর ব্যবস্থা করা হবে। রেল ব্রীজসমূহের নিরাপত্তা নিশ্চিত করার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হবে। সিগনালিং ব্যাবস্থা, কোচ এবং ইঞ্জিনের নিবিড় পরিচর্যা ও পরীক্ষা সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করা হবে; এবং
  - ➢ যে কোন জরুরী প্রয়োজনে নিয়োজিত করতে রিলিফ ট্রেনসমুহ স্ব-স্ব অবস্থানে প্রস্তুত রাখা হবে।

</td><td>মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে;<br><br>মহাপরিচালক বিজিবি;<br><br>মহাপরিচালক, র‍্যাব ফোর্সেস;<br>ও<br><br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন)।</td></tr>
<tr><td>৩.৭</td><td>

**(১) বিশেষ ট্রেন পরিচালনাঃ**

আসন্ন ঈদ-উল-ফিতর/২০২৩ উপলক্ষে ঘরমুখো যাত্রীদের ভ্রমণের সুবিধার্থে ০৯ জোড়া বিশেষ ট্রেন পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ট্রেনগুলো হলো:

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>ট্রেন</th><th>রুট</th><th>তারিখ</th></tr>
<tr><td>০১</td><td>চাঁদপুর ঈদ স্পেশাল-১ ও ৩</td><td>চট্টগ্রাম-চাঁদপুর-চট্টগ্রাম</td><td rowspan="9">ঈদ স্পেশাল ট্রেন ঈদের পূর্বে ০৪ (চার) দিন এবং ঈদের পরের দিন হতে পরবর্তী ৫ (পাঁচ) দিন চলাচল করবে।</td></tr>
<tr><td>০২</td><td>চাঁদপুর ঈদ স্পেশাল-২ ও ৪</td><td>চাঁদপুর-চট্টগ্রাম-চাঁদপুর</td></tr>
<tr><td rowspan="2">০৩</td><td>দেওয়ানগঞ্জ ঈদ স্পেশাল-৫</td><td rowspan="2">ঢাকা-দেওয়ানগঞ্জ-ঢাকা</td></tr>
<tr><td>দেওয়ানগঞ্জ ঈদ স্পেশাল-৬</td></tr>
<tr><td rowspan="2">০৪</td><td>ময়মনসিংহ ঈদ স্পেশাল-৭</td><td rowspan="2">চট্টগ্রাম-ময়মনসিংহ-চট্টগ্রাম</td></tr>
<tr><td>ময়মনসিংহ ঈদ স্পেশাল-৮</td></tr>
<tr><td rowspan="2">০৫</td><td>ঈদ স্পেশাল-৯</td><td rowspan="2">সিলেট-চাঁদপুর-সিলেট</td></tr>
<tr><td>ঈদ স্পেশাল-১০</td></tr>
<tr><td rowspan="2">০৬</td><td>সোলাকিয়া ঈদ স্পেশাল-১১</td><td rowspan="2">ভৈরববাজার-কিশোরগঞ্জ-ভৈরববাজার (শোলাকিয়া ঈদ স্পেশাল)</td></tr>
<tr><td>সোলাকিয়া ঈদ স্পেশাল-১২</td><td rowspan="4">ঈদ স্পেশাল শুধুমাত্র পবিত্র ঈদের দিন চলাচল করবে।</td></tr>
<tr><td rowspan="2">০৭</td><td>সোলাকিয়া ঈদ স্পেশাল-১৩</td><td rowspan="2">ময়মনসিংহ-কিশোরগঞ্জ-ময়মনসিংহ (শোলাকিয়া ঈদ স্পেশাল)</td></tr>
<tr><td>সোলাকিয়া ঈদ স্পেশাল-১৪</td></tr>
<tr><td rowspan="2">০৮</td><td>ঈদ স্পেশাল-১</td><td rowspan="2">বী.মু.সি.ই-জয়দেবপুর-বী.মু.সি.ই</td><td rowspan="4">১৮-২০ এপ্রিল, ২০২৩ তারিখ ০৩ (তিন) দিন এবং ঈদের পরে ২৪ ও ২৫ এপ্রিল, ২০২৩ তারিখ ০২ (দুই) দিন চলাচল করবে।</td></tr>
<tr><td>ঈদ স্পেশাল-২</td></tr>
<tr><td rowspan="2">০৯</td><td>ঈদ স্পেশাল-১৫</td><td rowspan="2">ঢাকা-চিলাহাটি-ঢাকা</td></tr>
<tr><td>ঈদ স্পেশাল-১৬</td></tr>
</table>

</td><td>মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে,<br><br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন/আরএস),<br><br>মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে,<br><br>ডিআরএম (সকল)<br>এবং<br>লিড পার্টনার ,<br>Shohoz-Synesis-Vincen JV</td></tr>
</table>

| ক্র:নং | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|
| | **(২) বিশেষ ব্যবস্থাপনায় ঈদ অগ্রিম ও ফেরত টিকিট বিক্রয় :**<br>(ক) ১ এপ্রিল, ২০২৩ তারিখ হতে যাত্রার ১০(দশ) দিন পূর্বের আন্তঃনগর ট্রেনের টিকিট অগ্রিম হিসেবে বিক্রয় করা হবে। তবে সময় পরিবর্তনের সিদ্ধান্তটি সমন্বয়ের লক্ষ্যে ০১ এপ্রিল, ২০২৩ তারিখে ০৫-১১ এপ্রিল, ২০২৩ তারিখ পর্যন্ত যাত্রার অগ্রিম টিকিট বিক্রয় করা হবে;<br>(খ) ২ এপ্রিল, ২০২৩ তারিখ হতে নতুন নিয়মে ১০ (দশ) দিনের অগ্রিম টিকিটি ব্যবস্থা কার্যকরী হবে;<br>(গ) ১ এপ্রিল, ২০২৩ তারিখ হতে কাউন্টার ও অনলাইনের মাধ্যমে যুগপৎভাবে সকল টিকিট সকাল ৮:০০ ঘটিকা হতে বিক্রয় করা হবে। অর্থাৎ অনলাইন বা কাউন্টারে পৃথক কোন কোটা থাকবে না; এবং<br>(ঘ) ঈদ অগ্রিম ও ফেরত যাত্রার টিকিট নিম্নলিখিত সূচি অনুযায়ী যাত্রার তারিখ ১৭-৩০ এপ্রিল, ২০২৩ পর্যন্ত ঈদ অগ্রিম যাত্রা ও ফেরত যাত্রার সকল টিকিট **শুধুমাত্র অনলাইনের** মাধ্যমে বিক্রয় করা হবে। | |
| ৩.৮ | **কন্ট্রোল রুম এবং ভিজিলেন্স টীম গঠন:**<br>ঈদ-উল-ফিতর উপলক্ষে চলাচলরত ট্রেনের তথ্য সংগ্রহসহ জরুরি খবরাখবর জানানোর জন্য বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে ৪টি বিভাগে ৪টি এবং রেলভবনে ০১টি কন্ট্রোল রুম খুলতে হবে এবং কন্ট্রোল রুমের টেলিফোন নম্বর যাত্রী সাধারণসহ সকলকে বিজ্ঞপ্তি আকারে জানিয়ে দিতে হবে। | মহাপরিচালক<br>বাংলাদেশ রেলওয়ে |
| ৩.৯ | **যাত্রী সচেতনতা বৃদ্ধি ও প্রচার মাধ্যমে ব্যাপক প্রচারণার ব্যবস্থা:**<br>(ক) ১০০% অনলাইনে টিকিট বিক্রির বিষয়টি প্রিন্ট, ইলেক্ট্রনিক মিডিয়া এবং টিভিসি বিজ্ঞাপন, ফেইসবুক ইত্যাদির মাধ্যমে ব্যাপক প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>(খ) নিরাপদ রেল ভ্রমণে যাত্রীদের করণীয় বিষয়ে সচেতন করার জন্য পাবলিক এ্যাড্রেস (পিএ) সিস্টেমের মাধ্যমে ঘন ঘন প্রচারের ব্যবস্থা করতে হবে। অপরিচিত ব্যক্তির নিকট থেকে কোন খাদ্য দ্রব্য গ্রহণ না করার বা লাগেজ কোথায়ও গচ্ছিত না রাখার বিষয়েও প্রচার করতে হবে;<br>(গ) ঈদ উপলক্ষে ট্রেনের সিডিউল, ট্রেনের অবস্থান, কন্ট্রোল রুমের টেলিফোন নম্বর'সহ জরুরি বিষয়াদি বিজ্ঞাপনের মাধ্যেমে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার করতে হবে; এবং<br>(ঘ) কোন মিডিয়ায় ভুল তথ্য প্রচার করা হলে বাংলাদেশ রেলওয়ের পক্ষ থেকে সঠিক তথ্য প্রচারের ব্যবস্থা করতে হবে। | মহাপরিচালক<br>বাংলাদেশ রেলওয়ে;<br><br>অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ;<br><br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন);<br><br>মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), ডিআরএম (সকল);<br>ও<br>লিড পার্টনার ,<br>Shohoz-Synesis-Vincen JV |
| ৩.১০ | **লোকোমোটিভ ও কোচ সংযোজন:**<br>(ক) ঈদ উপলক্ষে অতিরিক্ত চাহিদা মেটানোর জন্য মোট ৫৩ টি (পাহাড়তলী ওয়ার্কশপ থেকে ৪০ টি এমজি ও সৈয়দপুর ওয়ার্কশপ থেকে ০৪ টি এমজি এবং ০৯ টি বিজি কোচসহ মোট ১৩ টি) যাত্রীবাহী কোচ সার্ভিসে অন্তর্ভুক্ত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।<br>(খ) ঈদ উপলক্ষে অতিরিক্ত চাহিদা মেটানোর জন্য মোট ২১৮ টি (পূর্বাঞ্চল ১১৬ টি ও পশ্চিমাঞ্চলে ১০২ টি) লোকোমোটিভ যাত্রীবাহী ট্রেনে ব্যবহারের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br><br>অতিরিক্ত মহাপরিচালক , (অপারেশন/আরএস) |

| ক্র:নং | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|
| ৩.১১ | **স্ট্যান্ডিং টিকিট ব্যবস্থাপনা:**<br>ঈদে ঘরমুখো যাত্রীদের সুবিধার্থে ঈদ অগ্রিম ও ফেরত যাত্রায় আন্তঃনগর ট্রেনের সকল আসন বিক্রয় শেষে যাত্রী সাধারণের সুবিধার্থে ট্রেনে বরাদ্দকৃত শোভন শ্রেণীর (নন এসি) মোট আসনের ২৫ শতাংশ আসনবিহীন টিকিট যাত্রার দিন কাউন্টার হতে বিক্রয় করা হবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে,<br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন)<br>লিড পার্টনার , Shohoz-Synesis-Vincen JV |
| ৩.১২ | **ছাদে উঠা সম্পূর্ণ বন্ধ করণ :**<br>ট্রেনের ছাদে উঠা সম্পূর্ণভাবে বন্ধে ব্যাপক প্রচারণা, পিএ (পাবলিক এ্যাড্রেস) সিস্টেমের মাধ্যমে বিষয়টি যাত্রীগণকে অবহিতকরণসহ আইন-শৃঙ্খলা বাহিনীগণ এ ব্যাপারে জিরো টলারেন্স ব্যবস্থা গ্রহণ করবেন। | ডিএমপি<br>জিআরপি<br>র‍্যাব<br>বিজিবি<br>আরএনবি |
| ৩.১৩ | **মহিলা ও প্রতিবন্ধীদের জন্য আলাদা কোচ:**<br>যাত্রীবাহী ট্রেনে মহিলা ও প্রতিবন্ধী যাত্রীদের জন্য ১টি আলাদা কোচের বরাদ্দ প্রদান করতে হবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে,<br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন)<br>মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) |
| ৩.১৪ | **NID কার্ড বহণ :**<br>সকল যাত্রী সাধারণকে NID কার্ড বহন করতে হবে। তবে মোবাইলে NID এর pdf কপি দেখাতে পারলে তা গ্রহণযোগ্য হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) |
| ৩.১৫ | **আন্তঃনগর ট্রেনের সাপ্তাহিক অফ-ডে প্রত্যাহার :**<br>১৭ এপ্রিল, ২০২৩ তারিখ থেকে ঈদের পূর্ব দিন পর্যন্ত সকল আন্তঃনগর ট্রেনের সাপ্তাহিক অফ-ডে প্রত্যাহার করা হবে। ঈদের পরে যথারীতি সাপ্তাহিক অফ-ডে কার্যকর থাকবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে,<br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন)<br>মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) |
| ৩.১৬ | **বিনা টিকিটের যাত্রী প্রতিরোধ:**<br>ঢাকা, বিমানবন্দর, জয়দেবপুর, চট্টগ্রাম, ময়মনসিংহ, সিলেট, রাজশাহী, খুলনা ও সকল গন্তব্য স্টেশনসহ সকল বড় বড় স্টেশনে জিআরপি, আরএনবি, বিজিবি ও স্থানীয় পুলিশ এবং র‍্যাব এর সহযোগিতায় টিকিট বিহীন যাত্রী স্টেশনে প্রবেশের প্রতিরোধে সার্বক্ষণিক প্রহরার ব্যবস্থা করা হবে। তাছাড়া জেলা প্রশাসকদের সহায়তায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে;<br>ডিএমপি<br>জিআরপি<br>র‍্যাব<br>বিজিবি<br>আরএনবি |
| ৩.১৭ | **বিবিধ:**<br>(ক) ট্রেনের বাতি, ফ্যান, টয়লেটে পানি ও পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে। এছাড়া প্লাটফরম, ওয়েটিং রুম পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে;<br>(খ) অননুমোদিত স্থানে যাতে ট্রেন না থামে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। এক শ্রেণির যাত্রী অন্য শ্রেণির কম্পার্টমেন্টে উঠে যাতে আসন গ্রহণকারি যাত্রিদের অসুবিধা না করে সে বিষয়টি নিশ্চিত করতে হবে; | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>অতিরিক্ত মহাপরিচালক , (অপারেশন/ আরএস);<br>মহাব্যবস্থাপক (পূর্ব/ |

| ক্র:নং | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|
| | (গ) একজন যাত্রী ঈদ অগ্রিম টিকিট ও ফেরত যাত্রার টিকিট উভয় ক্ষেত্রে সর্বোচ্চ একবার এবং প্রতি ক্ষেত্রে সর্বোচ্চ ৪টি টিকেট ক্রয় করতে পারবেন। একজন নিবন্ধনকৃত যাত্রী সর্বোচ্চ ০৪ (চার) টি টিকিট ক্রয়ের ক্ষেত্রে সহযাত্রীদের এনআইডি/জন্মনিবন্ধন নম্বর ইনপুট দেওয়ার ব্যবস্থা থাকবে।<br><br>(ঘ) রেলওয়ের কর্মকর্তা/কর্মচারী ও বিশেষ শ্রেণীর (প্রতিবন্ধী ও সশস্ত্র বাহিনীসহ অন্যান্য বাহিনীর জন্য) সংরক্ষিত টিকিট স্টেশনের নির্ধারিত কাউন্টার হতে ইস্যু করা হবে।<br><br>(ঙ) ঈদের চাঁদ দেখার ওপর নির্ভর করে ২২, ২৩, ও ২৪ এপ্রিল/ ২০২৩ তারিখের টিকিট বিক্রয় করা হবে।<br><br>(চ) আন্তঃদেশীয় মিতালী এক্সপ্রেস ট্রেন ১৮-২৭ এপ্রিল, ২০২৩ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে। আন্তঃদেশীয় মৈত্রী এক্সপ্রেস ট্রেন ২০-২৭ এপ্রিল, ২০২৩ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে। উল্লেখ্য আন্তঃদেশীয় বন্ধন এক্সপ্রেস ট্রেন যথারীতি চলাচল করবে।<br><br>(ছ) ঈদ-উল-ফিতরের দিন বিশেষ ব্যবস্থাপনায় কতিপয় মেইল এক্সপ্রেস ট্রেন চলাচলের ব্যবস্থা করা হবে। তবে কোন আন্তঃনগর ট্রেন চলাচল করবে না।<br><br>(জ) পবিত্র ঈদ-উল-ফিতরের পূর্বে ২০/০৪/২৩ তারিখ রাত ০০:০০ ঘটিকার পর হতে ঈদের দিন ২২/৪/২৩ তারিখ ১৮:০০ ঘটিকা পর্যন্ত কনটেইনার ও জ্বালানী তেলবাহী ট্রেন ব্যতিত অন্যান্য সকল গুডস ট্রেন চলাচল বন্ধ রাখা হবে।<br><br>(ঝ) ঈদ যাত্রার শুরুর দিন ১৭ এপ্রিল, ২০২৩ হতে ঈদের পূর্বদিন পর্যন্ত ঢাকাগামী একতা, দ্রুতযান, পঞ্চগড়, নীলসাগর, কুড়িগ্রাম, লালমনি ও রংপুর এক্সপ্রেস ট্রেনসমূহের ঢাকা বিমানবন্দর স্টেশনে যাত্রা বিরতি থাকবে না।<br><br>(ঞ) পবিত্র ঈদ উপলক্ষে ঈদের ১০(দশ) দিন পূর্বে এবং ঈদের পরে ১০(দশ) দিন পর্যন্ত ট্রেনে সেলুনকার সংযোজন করা হবে না।<br><br>(ট) যে কোন জরুরি প্রয়োজনে নিয়োজিত করতে রিলিফ ট্রেনসমূহ স্ব-স্ব অবস্থানে প্রস্তুত রাখতে হবে। | পশ্চিম);<br>ডিআরএম (সকল); চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), পিআরও, রেলপথ মন্ত্রণালয়<br>ও<br>লিড পার্টনার ,<br>Shohoz-Synesis-Vincen JV |

৪। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৩/২০২৩

(মো: নূরুল ইসলাম সুজন, এমপি)
মন্ত্রী

সভার বিষয় ঃ আসন্ন পবিত্র ঈদ- উল-ফিতর ২০২৩ উপলক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভা

সভার সভাপতি ঃ মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়।

সভার তারিখ, সময় ও স্থান ঃ ২১ মার্চ ২০২৩ সকাল ১১:০০ টা, বাংলাদেশ রেলওয়ের সভাকক্ষ ( কক্ষ নং ৮২৫)

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | ড. মো: হুমায়ুন কবীর সচিব | রেলপথ মন্ত্রণালয় | ০১৭৮৮৫০৮৪০ | [signature] ২১/০৩/২০২৩ |
| ০২। | মো. ইয়াসীন অতিরিক্ত সচিব | রেলপথ মন্ত্রণালয় | 01711691159 | [signature] ২১/৩/২৩ |
| ০৩। | জালাল উদ্দিন আহম্মেদ যুগ্মসচিব | ঐ | — | [signature] 21/3/2023 |
| ০৪। | মো: লুৎফর রহমান অতি: সচিব | ঐ | — | [signature] 21/03/2023 |
| ০৫। | মোহাম্মদ শওকত হামিদ চৌধুরী যুগ্মসচিব | ঐ | — | [signature] ২১/৩/২৩ |
| ০৬। | আ.ন.ম আশরাফুল আলম যুগ্ম সচিব | | | [signature] ২১/৩ |
| ০৭। | মো: শাহরিয়ার হাসান উপসচিব | মন্ত্রিপরিষদ বিভাগ | 0177493625 3 | [signature] |

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০৮। | গালজার হাবীব | রেলপথ মন্ত্রণালয় | 01700944875 | |
| ৯। | মুনায়েম হোসেন | সহজ | 01711405773 | |
| ১০। | Sandeep Debnath Project Director | Shohoz-Synesis Vincen JV | 01777752800 | |
| ১১। | Shakil Jowad Rohi Director, Tickets | Shohoz-Synesis-Vincen JV | 01777752810 | |
| ১২। | মুহাম্মদ কুদরত-ই-খুদা | প্রধান যন্ত্র প্রকৌশলী/পশ্চিম রাজশাহী | 01711-506112 | |
| ১৩। | মো: কর্নেল ও এম জাহিদ পারভেজ | পরিচালক অপারেশন সদর দপ্তর বিজিবি | 01769600122 | |
| ১৪। | মো: শহিদুল ইসলাম | ডিএসটিই (পূর্ব) বাংলাদেশ রেলওয়ে চট্টগ্রাম | 01711506109 | |
| ১৫। | মোহাম্মদ মাহবুবুল ইসলাম প্রধান বাণিজ্যিক ব্যবস্থাপক (পূর্ব) | বাংলাদেশ রেলওয়ে চট্টগ্রাম | 01711506114 | |

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৬ | এ এম সালাহ উদ্দীন এডিজি (প্রশা:) | রেল ভবন, ঢাকা। | ০১৭১১৫০৬১১৮ adgpa@railway.gov.bd | ২১/০৩/২০২৩ |
| ১৭। | মোহাম্মদ আহছান উল্লা ভূঁইয়া COPS (W) | BR | 01711508108 copsw@railway.gov.bd | 21/03/2023 |
| ১৮ | সুজিত কুমার বিশ্বাস সিসিএম (পশ্চিম) | BR | 01711-506115 ccmw@railway.gov.bd | 21-03-23. |
| ১৯ | মো: নাহিদ হাসান খাঁন পরিচালক ট্রাফিক (বাণিজ্যিক) | BR | 01711691602 dirtc@railway.gov.bd | ২১.03.23 |
| ২০ | মো: শওকত জামিল মোহসী DD/TT | BR | 01711692961 ddtt@railway.gov.bd | Shawkat 21.03.2023 |
| ২১ | মোহাম্মদ মনিরুজ্জামান মন্ডল উপপরিচালক, Dir/F | BR | 01711692941 [illegible]@.com | 21/03/23 |
| 22 | মোঃ ওয়াহিদুজ্জামান উপপরিচালক (হিসাব ও পরিদর্শন) | বাংলাদেশ রেলওয়ে | [illegible] ddai@railway.gov.bd | ২১.০৩.২৩ |
| ২৩ | মো: আহসান উল্লাহ ডিআরএম (পাকশী) (অ.দা.) | বাংলাদেশ রেলওয়ে | 01711691573 drmpkc@railway.gov.bd | ২১/৩/২৩ |
| | | | | |
| | | | | |
| | | | | |

পরিশিষ্ট-ক

সভার বিষয় ঃ আসন্ন পবিত্র ঈদ- উল-ফিতর ২০২৩ উপলক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভা

সভার সভাপতি ঃ মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়।

সভার তারিখ, সময় ও স্থান ঃ ২১ মার্চ ২০২৩ সকাল ১১:০০ টা, বাংলাদেশ রেলওয়ের সভাকক্ষ ( কক্ষ নং ৮২৫)

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | মো: কামরুল আহসান<br>মহাপরিচালক | বাংলাদেশ রেলওয়ে | | [illegible] 21/03/2023 |
| ০২। | মো: শহীদুল ইসলাম<br>ডিআইজি (ফাই) | বিজিবি | | [illegible] 21/3/23 |
| ০৩। | সরদার মাহমুদ আলী<br>এডিজি (অপারেশন) | বিজিবি | [illegible] | [illegible] 21/3/23 |
| ০৪। | অসীম কুমার তালুকদার<br>GM [W] | BR | 01711505309 | [illegible] 21.3.23 |
| ০৫। | মো: জাহাঙ্গীর হোসেন<br>GM(E). | BR | 01711505308 | [illegible] 21.3.23 |
| ০৬। | মো: মঞ্জুর উল আলম চৌধুরী<br>ADG/RS | BR | 01711505302 | [illegible] 21.3 |
| ০৭। | নিবির আলম<br>উপ-পরিচালক | NSI | 01712205102 | [illegible] 21.03.2023 |

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০৮। | এ কে এম আব্দুল্লাহ আল বাকী ADG (M&CP) | BR | 01711505304 | 21.03.23 |
| ৯। | মো: মোরশেদ আলম অতি: ডিআইজি | রেলওয়ে পুলিশ | 01755500488 | 21.03.23 |
| ১০। | মো: হাসানুজ্জামান অতি: ডিআইজি (অপারেশনস) | পু: হে: কো: | 01320000118 | 21.3.2023 |
| ১১। | মো: আবু ইউসুফ ডিসি (অপারেশনস) | ঢাকা মেট্রো: পুলিশ | 01320037830 | 21.03.23 |
| ১২। | আনোয়ার হোসেন পুলিশ সুপার | ঢাকা রেলওয়ে জেলা | 01320178600 | 21.03.2023 |
| ১৩। | বীনা রানী দাস পুলিশ সুপার | র‍্যাব-৩ | 01777710 357 | |
| ১৪। | কানু কুমার সরকার ডিজিএম (টেলিকম) | BR | 01709999091 | |
| ১৫। | মোঃ আরিফুল ইসলাম, CCRNBIE. | BR. | 01711506124. | 21/3/23 |

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৬ | মোহা: আশরাফুল ইসলাম CCRNB/W | BR | 01711506125 ccrnbw@railway.gov.bd | |
| ১৭ | তাপস কুমার দাস CME/E | BR, Chattogram | 01711506110 cmee@railway.gov.bd | 21.03.2023 |
| ১৮ | সৈয়দ মোহাম্মদ সফিকুর রহমান ডিআরএম/ঢাকা | ঢাকা | 01711506137 drmda@railway.gov.bd | 21/3/23 |
| ১৯ | মো: আব্দুস সালাম ডি আর এম/লাল. | লালমনিরহাট | ০১৭১১৫০৬১৩৬ drmlmh@railway.gov.bd. | ২১/৩/২৩ |
| 20 | সাদেকুর রহমান DSW/SDP | সৈয়দপুর | ০১৭১১৫০৬২৫৪ dscwsdp@railway.gov.bd | ২১/০৩/২৩ |
| ২১ | শাহ আলম বিভাগীয় বাণিজ্যিক কর্মকর্তা বাংলাদেশ রেলওয়ে, ঢাকা। | কমলাপুর | [illegible]@railway.gov.bd | 21.03.23 |
| 22 | মুহাম্মদ হোসেন আহমদ PS to DG | রেলভবন, ঢাকা | psdg@railway.gov.bd | 21/3/2023 |
| | মো: নাসির উদ্দিন বিভাগীয় যান্ত্রিক কর্মকর্তা বাং. রেল. /পাকশি | পাকশি | 01711691655 dcopxe@railway.gov.bd | 21.3.23 |
| | | | | |
| | | | | |
| | | | | |